

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুল্ল  
বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়: "সমকামিতা"

ইংরেজিতে Gay and Lesbian. Gay অর্থ পুরুষ পুরুষ যৌন সঙ্গম।

Lesbian অর্থ মহিলা মহিলা যৌন সঙ্গম. Gay কে Homosexual ও বলা হয়।

পবিত্র কোরআনে এটাকে সীমালংঘন বলা হয়েছে:

১. তোমরা তো কাম-তৃপ্তির জন্য নারীদের ছেড়ে পুরুষদের নিকট গমন করো। তোমরা তো সীমালংঘনকারী সম্প্রদায়।

**إِنَّكُمْ لَتَأْتُونَ الرِّجَالَ شَهْوَةً مِّنْ دُونِ النِّسَاءِ بَلْ أَنْتُمْ قَوْمٌ مُّسْرِفُونَ**

তোমরা স্ত্রীলোকদের বাদ দিয়ে পুরুষদের দ্বারা নিজেদের যৌন ইচ্ছা নিবারণ করে নিচ্ছ। প্রকৃত পক্ষে, তোমরা হচ্ছ সীমালংঘনকারী সম্প্রদায়। (৭:৮১)

**ব্যাখ্যা:** এই সমকামী অপরাধের জন্য আল্লাহ তায়ালা লুত (আ:) এর কওমকে সম্পূর্ণ ধ্বংস করে দিয়েছিলেন। এ জায়গাটা এখনও বর্তমান, যেটাকে Dead Sea অথবা Sea of Death বলা হয়। পূর্ব দিকে জর্দান ও পশ্চিম দিকে ইসরাইল ও পশ্চিম তার মরুভূমি Dead Sea এর অবস্থান। প্রায় ৪১৬৫০ বর্গ কি:মি: এরিয়া। এই সাগরের পানি অতি লবণাক্ত যে কোন সামুদ্রিক প্রাণী এখানে বাঁচে না। মানুষ সতর্ক হওয়ার জন্য এই নিদর্শন কি যথেষ্ট নয়?

২. যিনার কাছেও যেয়ো না। এটা ফাহেশা ও নিকৃষ্ট পন্থা।

**وَلَا تَقْرَبُوا الزَّيْنَىٰ إِنَّهُ كَانَ فَاحِشَةً وَسَاءَ سَبِيلًا**

তোমরা অবৈধ যৌন সংযোগের নিকটবর্তী হয়োনা, ওটা অশ্লীল ও নিকৃষ্ট আচরণ। (১৭:৩২)

**ব্যাখ্যা:** অবিবাহিত নারী পুরুষের যৌন সন্তোগ হলো যিনা।

৩. তিনি (আল্লাহ) তোমাদের (স্বামী স্ত্রী) মাঝে সৃষ্টি করে দিয়েছেন বন্ধুতা-ভালোবাসা এবং দয়া অনুকম্পা।

وَمِنْ ءَايَاتِهِ أَنْ خَلَقَ لَكُمْ مِنْ أَنْفُسِكُمْ أَزْوَاجًا لِتَسْكُنُوا إِلَيْهَا وَجَعَلَ  
بَيْنَكُمْ مَوَدَّةً وَرَحْمَةً إِنَّ فِي ذَلِكَ لَآيَاتٍ لِقَوْمٍ يَتَفَكَّرُونَ

এবং তাঁর নিদর্শনাবলীর মধ্যে রয়েছে যে, তিনি তোমাদের জন্য তোমাদের মধ্য হতে সৃষ্টি করেছেন তোমাদের সঙ্গিনীদেরকে যাতে তোমরা তাদের সাথে শান্তিতে বাস করতে পার এবং তিনি তোমাদের মধ্যে পারস্পরিক ভালবাসা ও দয়া সৃষ্টি করেছেন। চিন্তাশীল সম্প্রদায়ের জন্য এতে অবশ্যই বহু নিদর্শন রয়েছে। (৩০:২১)

প্রিয় ভাই ও বোনেরা কাতার বিশ্বকাপ ২০২২ এ যিনা, সমকামিতা, মদ্যপান, জুয়া নিষিদ্ধ করা হয়েছে। এগুলোতে লিপ্ত হলে গ্রেফতার করা হচ্ছে। আজকালকার ফুটবল খেলা যেভাবে চলছে ইসলাম অনুমোদন দেয় না। শরীয়তের সীমার মধ্যে থেকে ফুটবল খেলা যেতে পারে। তবে কাতার বিশ্বকাপ উপলক্ষে কাতার সরকারের আরোপিত বিধিনিষেধ এবং ইসলামের বাণী অমুসলিমদের নিকট তুলে ধরার প্রচেষ্টা প্রশংসনীয়।

এর ফলে কিছু অমুসলিম কলেমা পড়ে মুসলমান হয়েছে। আজান ও কোরআন তেলাওয়াত অনেক অমুসলিমের মনে আলোড়ন সৃষ্টি করেছে।

### আলহামদুলিল্লাহ

আল্লাহ তায়ালা মানবজাতিকে যিনা, ব্যাভিচার, সমকামিতা, মদ্যপান ও জুয়ার হাত থেকে রক্ষা করুন। বিশেষ করে মুসলমানদের কোনো ক্রমেই এ সমস্ত ফাহেশা কাজে লিপ্ত হওয়া যাবে না। কিন্তু দুর্ভাগ্যের বিষয় বর্তমান পৃথিবীতে ৩০ টি দেশ "সমকামিতা" আইনসিদ্ধ করেছে। প্রায় ২০০ টা দেশের মধ্যে ৩০ টি দেশ, মোটেই কম সংখ্যক নয়। আমরা এর জোর প্রতিবাদ জানাই।

আল্লাহ আমাদেরকে হেদায়েত দান করুন।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ